সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/২৪

তারিখঃ ১০ ফেব্রুয়ারি, ২০২৬

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ আসন্ন পবিত্র রমজান, ঈদ-উল-ফিতর পূর্ববর্তী ও পরবর্তী দিনসমূহে চট্টগ্রাম বন্দর থেকে এলসিএল পণ্য দ্রুত ডেলিভারী নেয়া প্রসঙ্গে।**

**সূত্রঃ** চট্টগ্রাম বন্দরের পত্র নং-টিএম/এলসিএল/কার্গো/দ্রুত-ডেলিভারী/২১/২৭৬ তারিখঃ ২৯/০১/২০২৬ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৯/০১/২০২৬ইং তারিখে চট্টগ্রাম বন্দরের ১৪টি সিএফএস শেড এলসিএল পণ্য দ্বারা পরিপূর্ণ রয়েছে জানিয়ে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ পত্রের মাধ্যমে বিজিএমইএ'কে অবগত করেছে। খালাসের জন্য অপেক্ষমান পণ্যের অধিকাংশই বিজিএমইএ/বিকেএমইএ'র পণ্য। শেডে জায়গা না থাকার কারণে আনস্টাফিং এর অপেক্ষায় থাকা ৪৯৯ টিইউএস পণ্য খালাস করা যাচ্ছে না। এই প্রেক্ষাপটে আমদানিকৃত এলসিএল পণ্য খালাস প্রদানের নিমিত্তে পবিত্র রমজান, ঈদ-উল-ফিতরের পূর্ববর্তী ও পরবর্তী শুক্রবার, শনিবার, রবিবারসহ সরকারি ছুটির দিন সমূহে ২৪/৭ সিএফএস শেড খোলা রাখার ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

এমতাবস্থায়, আপনাদের প্রতিষ্ঠানের আমদানিকৃত এলসিএল পণ্য দ্রুততার সাথে খালাসের নিমিত্তে সংশ্লিষ্ট প্রতিনিধি'কে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

10/2/26

**মেজর মোঃ সাইফুল ইসলাম**, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনামতে।

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
## টার্মিনাল ম্যানেজার এর দপ্তর

নং -টিএম/এলসিএল/কার্গো/দ্রুত-ডেলিভারী/২১ /২৭৬ তারিখ ঃ ২৯/০১/২০২৬ খ্রীঃ

বরাবর

১। প্রথম ভাইস প্রেসিডেন্ট
বিজিএমইএ, বিজিএমইএ রিজিওনাল অফিস
বিজিএমইএ ভবন, লেভেল-৪ ও ৫
৬৬১/ই, কাউতলা রোড, দঃ খুলশী, চট্টগ্রাম।

২। সহ-সভাপতি
বিকেএমইএ
চেম্বার ভবন (৫ম তলা)
৩৮, আগ্রাবাদ বা/এ., চট্টগ্রাম।

বিষয় ঃ আসন্ন পবিত্র রমজান, ঈদুল ফিতর পূর্ববর্তী ও পরবর্তী দিনসমূহে চট্টগ্রাম বন্দর থেকে বিভিন্ন আমদানীকারকগণ কর্তৃক আনীত এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী নেওয়া প্রসঙ্গে।

সূত্র ঃ ক) টিএম/এলসিএল/দ্রুত ডেলিভারী/২০২১, ২৭/০৪/২০২৩, ০৬/০৮/২০২৩, ০১/০৪/২০২৪, ১৫/০৫/২০২৪, ১৩/০৬/২০২৪, ২২/০৮/২০২৪, ১৩/০১/২০২৫, ১৯/০২/২০২৫, ০৩/০৪/২০২৫ ও ০২/০৬/২০২৫ খ্রীঃ।
খ) টিএম/এলসিএল/নৌপম/উপদেষ্টাকমিটি/সিদ্ধান্তবাস্তবায়ন/২১/৭৮৬,তারিখঃ০৭/০৩/২০২১, ১৮/০৫/২০২২ ও ০৬/১১/২০২২খ্রীঃ।

উক্লেখিত বিষয়ে আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য ২৯/০১/২০২৬ ইং তারিখে চট্টগ্রাম বন্দরের ১৪ টি সিএফএস/শেড এলসিএল কার্গো দ্বারা পরিপূর্ণ রয়েছে যার অধিকাংশই বিজিএমই/বিকেএমইএ এর সদস্য প্রতিষ্ঠান কর্তৃক আমদানীকৃত। এ সকল সিএফএস/ শেড হতে এলসিএল কার্গো ডেলিভারী হয়ে খালিস্থান সৃষ্টি না হওয়াতে আনস্টাফিং এর অপেক্ষায় থাকা ৪৯৯ টিইউএস কন্টেইনার থেকে এলসিএল কার্গো আনস্টাফিং করে সিএফএস/ শেড সমূহে সংরক্ষন করা যাচ্ছে না। চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে স্থিত বিভিন্ন আমদানীকারক কর্তৃক আমদানীকৃত এলসিএল কার্গো ডেলিভারী গ্রহণের লক্ষ্যে চট্টগ্রাম বন্দর আসন্ন পবিত্র রমজান, ঈদুল ফিতরের পূর্ববর্তী ও পরবর্তী শুক্রবার, শনিবার, রবিবারসহ সরকারী ছুটির দিনসমূহে ২৪/৭ খোলা রয়েছে।

এমতাবস্থায়, আপনাদের সদস্য প্রতিষ্ঠান কর্তৃক আমদানীকৃত সিএফএস/শেডে স্থিত এলসিএল কার্গো জরুরী ভিত্তিতে ডেলিভারী নেওয়ার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা গেল। এ ব্যাপারে আপনাদের সহযোগীতা একান্ত কাম্য।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।
বিষয়টি অতীব জরুরী।

২৯/০১/২০২৬
সহঃ টার্মিনাল ম্যানেজার (সিএফএস)
রাজীব চৌধুরী
সহঃ টার্মিনাল ম্যানেজার (অপারেশন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

অনুলিপিঃ জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।

১। সকল সদস্য, চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
২। কমিশনার অব কাস্টমস্, কাস্টম হাউস, চট্টগ্রাম এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৩। পরিচালক (ট্রাফিক), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৪। পরিচালক (নিরাপত্তা), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৫। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ফেডারেশন ভবন (২য় তলা), ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ -অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
৬। সভাপতি, বিকেএমইএ, ২৩৩/১, বি বি রোড প্রেস ক্লাব ভবন (১ম ও ৩য় তলা) নারায়ণগঞ্জ-১৪০০- অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
৭। প্রেসিডেন্ট, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, চেম্বার হাউস, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম -অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
৮। চেয়ারম্যান, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন (বিসিএসএ),এস এইচ টাওয়ার, ৩২০, শেখ মুজিব রোড, আগ্রাবাদ (সি/এ), চট্টগ্রাম অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
৯। প্রেসিডেন্ট, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন, আনোয়ার টাওয়ার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১০। সভাপতি, চট্টগ্রাম সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১১। পিএস টু চেয়ারম্যান: চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।

স্বাঃ/-

সহঃ টার্মিনাল ম্যানেজার (সিএফএস)
পক্ষে, টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

CamScanner